

রাবি শিক্ষককে হত্যার ছমকি 'লাল বাহিনীর'

রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের প্রফেসর আনিসুজ্জামান মানিককে 'লাল বাহিনী' নামে একটি সংগঠনের পরিচয় দিয়ে মোটা অংকের টাকা দাবি করা হয়েছে। অন্যথায় তাকে হত্যা করা হবে বলে ছমকি দিয়েছে ওই বাহিনীর সদস্যরা। সোমবার রাত ১০টার দিকে মুঠোফোনে তাকে এ ছমকি দেয়া হয় বলে অভিযোগ করেছেন ওই শিক্ষক। প্রফেসর আনিসুজ্জামান মানিক ২০১০ থেকে ২০১২ সাল পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য ছিলেন। এ ছাড়াও বর্তমানে তিনি শিক্ষকতার পাশাপাশি বেশ কয়েকটি স্বেচ্ছাসেবী সংগঠনের উপদেষ্টার দায়িত্বে রয়েছেন।

তিনি যুগান্তরকে বলেন, সন্ধ্যায় আমি বিশ্ববিদ্যালয়ের জুবেরি ভবনে (শিক্ষকদের ক্লাব) অবস্থান করছিলাম। এ সময় একটি অপরিচিত নম্বর থেকে আমার মুঠোফোনে কল আসে। আমি কলটি ধরলে ওপার থেকে বলা হয়, 'আমি লাল বাহিনীর নেতা। আপনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আনিসুজ্জামান না? আমার ছেলেরা আপনার বাসায় অনেক দিন ধরেই যেতে চাচ্ছে। কিন্তু আমি তাদের আটকে রেখেছি। আমার বেশকিছু ছেলের খানায় ও গেডিকেল আছে। তাই তাদের জন্য টাকা লাগবে। আপনি মোটা অংকের টাকা নিয়ে তৈরি থাকবেন। ছেলেরা গেলে তাদের হাতে দিয়ে দেবেন।